

## ভূমিকা :

মূল্য সংযোজন কর আইন, বিধিমালা, প্রজ্ঞাপনসমূহ এবং জারীকৃত আদেশসমূহ সংকলিত অবস্থায় পুস্তকাকারে জাতীয় রাজস্ব বোর্ড ছাড়াও আইনজীবী ও লেখকগণ প্রকাশ করে বাজারে সহজপ্রাপ্য রাখছেন। কিন্তু আইন, আদেশ ও বিধানাবলী ক্ষেত্র বিশেষে সাধারণে সহজবোধ্য নাও হতে পারে। অথচ স্বচ্ছ জ্ঞানের অভাবে অনেক করদাতা যথাযথভাবে কর প্রদান করতে পারেন না। করদাতা এবং ক্রেতা সাধারণকে কর প্রদান ও কর আদায় নিশ্চিত করতে ব্যাপকভাবে উদ্বুদ্ধ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সহজবোধ্যভাবে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, টার্নওভার কর ও আবগারী শুল্ক সম্পর্কীয় গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য বিষয়ে নিম্নবর্ণিত পুস্তিকাসমূহ প্রণয়ন করেছে :

পুস্তিকা নং-১	: মূসক বিষয়ে সাধারণ জ্ঞাতব্য
পুস্তিকা নং-২	: নিবন্ধন
পুস্তিকা নং-৩	: টার্নওভার কর
পুস্তিকা নং-৪	: মূল্য ঘোষণা
পুস্তিকা নং-৫	: হিসাব পুস্তক ও দলিলাদি সংরক্ষণ
পুস্তিকা নং-৬	: চালানপত্র
পুস্তিকা নং-৭	: উপকরণ কর রেয়াত ও সমন্বয়
পুস্তিকা নং-৮	: দাখিলপত্র
পুস্তিকা নং-৯	: ব্যবসায়ী পর্যায়ে মূসক
পুস্তিকা নং-১০	: মূসক ব্যবস্থায় ECR/POS ব্যবহার
পুস্তিকা নং-১১	: মূসক ব্যবস্থায় স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার
পুস্তিকা নং-১২	: ব্যাংকিং ও নন-ব্যাংকিং এবং বীমা সেবার ক্ষেত্রে মূসক পরিশোধ
পুস্তিকা নং-১৩	: আমদানি পর্যায়ে মূসক পরিশোধ
পুস্তিকা নং-১৪	: মূসক ব্যবস্থায় রপ্তানি কার্যক্রম
পুস্তিকা নং-১৫	: মূসক ব্যবস্থায় প্রত্যর্পণ কার্যক্রম
পুস্তিকা নং-১৬	: অপরাধ, শাস্তি ও আপীলের বিধান

জাতীয় রাজস্ব বোর্ড আশা করে যে, প্রকাশিত পুস্তিকাসমূহ পাঠে করদাতা ও ক্রেতা সাধারণ মূল্য সংযোজন কর আইন ও প্রয়োগ বিষয়ে সচেতন হবেন এবং তা সরকারের রাজস্ব আদায়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

১। মূল্য সংযোজন কর আইনে একজন নিবন্ধিত ব্যক্তি কর্তৃক সংরক্ষণীয় দলিলাদি বা রেকর্ডপত্র বা নথিপত্র :

- মূল্য সংযোজন কর আইন-এর অধীনে নিবন্ধিত পণ্য বা সেবা সরবরাহকারী একজন করদাতাকে নিম্নলিখিত হিসাব পুস্তকসমূহ বা রেজিস্টার সংরক্ষণ করতে হয় :
  - মূসক চালানপত্র (ফরম মূসক-১১, মূসক-১১ক), - পরিশিষ্ট-১, ২
  - ক্রয় হিসাব পুস্তক (ফরম মূসক-১৬), - পরিশিষ্ট-৩
  - বিক্রয় হিসাব পুস্তক (ফরম মূসক-১৭), - পরিশিষ্ট-৪
  - চলতি হিসাব পুস্তক (ফরম মূসক-১৮), - পরিশিষ্ট-৫
- তবে নিবন্ধিত সকল সেবা প্রদানকারীর ক্ষেত্রে চলতি হিসাব পুস্তক সংরক্ষণ বাধ্যতামূলক নয় (সিনেমা হল ব্যতীত)।
- এছাড়াও একজন করদাতাকে প্রযোজ্য ক্ষেত্রে, নিম্নরূপ দলিলাদি সংরক্ষণ করতে হয়-
  - তাঁর পণ্য বা সেবার মূল্য ঘোষণা বা উপকরণ-উৎপাদ সম্পর্ক/সহগ ঘোষণা এবং তা অনুমোদন সংক্রান্ত দলিলাদি (ফরম মূসক-১, ১ক, ১খ, ১গ, ১ঘ ইত্যাদির মধ্যে যেটি প্রযোজ্য),
  - তাঁর পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে উৎসে মূসক কর্তনের প্রত্যয়নপত্র (ফরম মূসক-১২খ),
  - দাখিলপত্র (ফরম মূসক-১৯),
  - ট্রেজারী চালানের কপি (টি আর-৬),
  - আমদানি পর্যায়ে মূল্য সংযোজন কর প্রদানের স্বপক্ষে বিল অব এন্ট্রিসহ আমদানি সংক্রান্ত বাণিজ্যিক কাগজপত্র (যেমন- ঋণপত্র, ইনভয়েস, পরিবহন চালান বি/এল, এয়ারওয়ে বিল, ট্রাক রশিদা, এসেসমেন্ট নোটিশ ইত্যাদি)
  - করযোগ্য বা অব্যাহতিপ্রাপ্ত পণ্য বা সেবা বা উপকরণ বা কাঁচামাল ক্রয়ের দলিলাদি (বিল অব এন্ট্রি, মূসক চালান, ইত্যাদি),
  - পণ্য বা সেবা বিক্রয় সংশ্লিষ্ট সকল বাণিজ্যিক দলিলাদি, তাঁর কর্তৃক অপর করদাতার নিকট হতে কোন পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে উৎসে মূসক কর্তনের হিসাব (ফরম মূসক-১৮ক),

- রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিল অব এক্সপোর্ট, বিল অব এন্ট্রি, বিল অব লেডিং বা এয়ারওয়ে বিল, পিআরসি ও ঋণপত্রসহ রপ্তানি সংক্রান্ত অন্যান্য তথ্য ইত্যাদি।

- এ কারণে যদি রাজস্ব ফাঁকি হয় তবে যে পরিমাণ রাজস্ব ফাঁকি হয়েছে তার অন্যান্য সমপরিমাণ এবং অনূর্ধ্ব আড়াইগুণ (২৫০ শতাংশ)।

## ২। রেকর্ডপত্র সংরক্ষণের পদ্ধতি :

- মূসক ব্যবস্থায় ব্যবসায়ের লেনদেনের হিসাব জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ফরম্যাটে ম্যানুয়াল (Manual) পদ্ধতিতে পুস্তকাকারে রেজিস্টারে অথবা কম্পিউটার পদ্ধতিতে সংরক্ষণ করা যায়।
- কম্পিউটার পদ্ধতিতে হিসাব সংরক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট মূসক কমিশনারের পূর্বানুমতি গ্রহণ করতে হয়।
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত কতিপয় সেবা প্রদানকারী/ব্যবসায়ীর ক্ষেত্রে Electronic Cash Register (ECR) বা Point of Sales (POS) software ব্যবহার বাধ্যতামূলক।

## ৩। হিসাব পুস্তক ও নথিপত্র সংরক্ষণের মেয়াদ :

মূসক সংক্রান্ত দলিলাদি অন্যান্য ৬(ছয়) বছর পর্যন্ত সংরক্ষণ করতে হয়। তবে মামলা সংশ্লিষ্ট তথ্যাদি মামলা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সংরক্ষণ করতে হয়।

## ৪। হিসাব পুস্তক ও নথিপত্র সংরক্ষণে ব্যর্থতার দায় :

- কোন নিবন্ধিত প্রতিষ্ঠান আইনানুগভাবে সংরক্ষণ করা বাধ্যতামূলক এমন হিসাব যদি সংরক্ষণ না করে থাকে সে ক্ষেত্রে মূসক কর্তৃপক্ষ আইনের ধারা ৩৭ মোতাবেক তাঁর বিরুদ্ধে অর্ধদণ্ড আরোপের মত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণসহ সংশ্লিষ্ট পণ্য বা সেবা আটকের (প্রযোজ্য ক্ষেত্রে বাজেয়াপ্তির) কার্যক্রম গ্রহণ করতে পারবেন।
- হিসাব পুস্তক ও দলিলাদি আইনের বিধানানুযায়ী সংরক্ষণ না করার ক্ষেত্রে নিম্নরূপ পরিমাণ অর্ধদণ্ডের বিধান রয়েছে :-
  - যদি রাজস্ব ফাঁকি না হয় তবে অন্যান্য (সর্বনিম্ন) ১০,০০০ (দশ হাজার) টাকা থেকে অনূর্ধ্ব (সর্বোচ্চ) ১,০০,০০০ (এক লক্ষ) টাকা, এবং

## ৫। ব্যবসায়ী কর্তৃক সংরক্ষণীয় রেজিস্টারসমূহ :

- একজন নিবন্ধিত ব্যক্তিকে যে সকল মূসক পুস্তক/রেজিস্টার সংরক্ষণ করতে হয়, প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূসক প্রদানকারী একজন ব্যবসায়ীকেও তার সবকটিই সংরক্ষণ করতে হয়।
- এর পাশাপাশি একজন ব্যবসায়ী তার প্রয়োজনে নিজস্ব পদ্ধতিতেও হিসাব সংরক্ষণ করতে পারে।
- নির্ধারিত হারে (১৩.৩৩%) মূল্য সংযোজন করে মূসক পরিশোধকারী ব্যবসায়ীকে ক্রয়, বিক্রয় সরবরাহের হিসাব, নিজস্ব বাণিজ্যিক দলিলাদি, চলতি হিসাব পুস্তক (মূসক-১৮), দাখিলপত্র (মূসক-১৯) এবং চালানপত্র (মূসক-১১) সংরক্ষণ করতে হয়।
- তবে, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন মোতাবেক এলাকাভিত্তিতে ন্যূনতম নির্ধারিত পরিমাণে (যেমন-৬০০০/- টাকা, ৪৮০০/- টাকা, ৩৬০০/- টাকা, ১৮০০/- টাকা) মাসিক/ বার্ষিক মূসক পরিশোধকারী ক্ষুদ্র ব্যবসায়ীগণের ক্ষেত্রে এ বাধ্যবাধকতা প্রযোজ্য নয়। তাদেরকে কেবল পণ্য ক্রয়ের দলিলাদিসহ ক্যাশ মেমো ও বিক্রয় পুস্তক সংরক্ষণ করতে হয়।
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত কতিপয় ব্যবসায়ীর ক্ষেত্রে (যেমন - মেট্রোপলিটান এলাকার অভিজাত শপিং সেন্টারের সকল ব্যবসায়ী, ডিপার্টমেন্টাল স্টোর, জেনারেল স্টোর, বড় ও মাঝারী ব্যবসায়ী ইত্যাদি) এবং কিছু সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে (যেমন- হোটেল, রোস্টোরী ও ফাস্ট ফুড সপ, মিষ্টান্ন ভাণ্ডার, আসবাবপত্র বিপণন কেন্দ্র, বিডিটি পার্লার, কমিউনিটি সেন্টার, স্বর্ণকার, রৌপ্যকার ও স্বর্ণের ও রৌপ্যের দোকানদার) Electronic Cash Register (ECR) বা Point of Sales (POS) software ব্যবহার বাধ্যতামূলক।

৬। টার্গেটভার কর প্রদানকারী কর্তৃক সংরক্ষণীয় দলিলাদি :

টার্গেটভার কর তালিকাভুক্ত বা টার্গেটভার কর প্রদানকারী প্রতিষ্ঠানকে-

- বার্ষিক প্রাক্কলিত টার্গেটভারের পরিমাণ ঘোষণা সংক্রান্ত ফরম ‘মূসক-২খ’;
- প্রতিষ্ঠানের ক্রয়/বিক্রয় সংক্রান্ত তথ্য ফরম ‘মূসক-১৭ক’;
- তালিকাভুক্তি নম্বর লিখিত পণ্য অপসারণ সংক্রান্ত প্রদত্ত চালান (নিজস্ব চালান);
- ফরম ‘মূসক-৪’ ও পেশকৃত দাখিলপত্র পেশ করতে হয়।

৭। কুটির শিল্প প্রতিষ্ঠান কর্তৃক সংরক্ষণীয় দলিলাদি :

কুটির শিল্পের আওতায় তালিকাভুক্ত প্রতিষ্ঠানকে-

- তালিকাভুক্তির নম্বরযুক্ত বিক্রয়ের ক্যাশমেমো এবং দৈনিক ভিত্তিতে বিক্রয়ের হিসাব সংরক্ষণ করতে হয়; এবং
- জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন এস,আর,ও নং-১৬৮-আইন/২০০৩/৩৭৬-মূসক, তাং-১২/০৬/২০০৩ এ বর্ণিত “ছক-খ” মোতাবেক মাসিক লেনদেনের পুস্তক সংরক্ষণ করতে হয়।

৮। একই ব্যবসায়স্থলে একাধিক করযোগ্য সেবা পরিচালনার ক্ষেত্রে পৃথক হিসাব সংরক্ষণের প্রয়োজনীয়তা :

একই ব্যবসায়স্থল থেকে একাধিক করযোগ্য সেবা প্রদান করা হলে-

- যদি উক্ত কার্যক্রম একটি নিবন্ধনের আওতাধীন পরিচালিত হয়, তবে সেক্ষেত্রে পৃথক পৃথক হিসাব সংরক্ষণের প্রয়োজন নেই;
- যদি পৃথক নিবন্ধন গ্রহণ করা হয়, তবে সেক্ষেত্রে পৃথক পৃথক হিসাব সংরক্ষণ করতে হয়।

[পরিশিষ্ট-‘১’]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

মূসক-১১

চালানপত্র

[বিধি ১৬(১) দ্রষ্টব্য]

ব্যবসায় প্রতিষ্ঠানের নাম :  
ঠিকানা :  
করদাতা সনাক্তকরণ সংখ্যা :

ক্রেতার নাম : চালানপত্রের ক্রমিক সংখ্যা :  
ঠিকানা : চালানপত্র প্রদানের তারিখ :  
করদাতা সনাক্তকরণ সংখ্যা : চালানপত্র প্রদানের সময় :  
পণ্য/সেবার চূড়ান্ত গন্তব্য স্থল : পণ্য অপসারণের / অর্পণের বা  
যানবাহনের প্রকৃতি এবং নম্বর : সেবা প্রদানের প্রকৃত তারিখ ও সময় :

ক্রমিক সংখ্যা	পণ্য/ সেবার নাম	পরিমাণ	সম্পূরক গুরু আরোপযোগ্য মূল্য	সম্পূরক গুরু পরিমাণ	মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য [ কলাম (৪)+(৫)]	মূল্য সংযোজন করের পরিমাণ	সম্পূরক গুরু ও মূসক সহ মোট মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)

\* সেবার ক্ষেত্রে ক্রেতার নাম ঠিকানা ও করদাতা সনাক্তকরণ সংখ্যা শুধুমাত্র নিবন্ধিত ক্রেতাকে সেবা প্রদান করা হইলেই উল্লেখ করিতে হইবে। পণ্যের চূড়ান্ত গন্তব্যস্থল, যানবাহনের প্রকৃতি ও নম্বর, চালানপত্র প্রদানের সময় এবং পণ্য অপসারণের প্রকৃত তারিখ ও সময় সেবার ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

\*\* পণ্যের চূড়ান্ত গন্তব্যস্থল ক্রেতার ঠিকানা হইতে পৃথক হইলেই শুধু মাত্র প্রযোজ্য হইবে।

\*\*\* চালানপত্র প্রদানের সময়, পণ্য অপসারণের / অর্পণের প্রকৃত তারিখ ও সময় অংক ও কথায় লিখিত হইবে।

\*\*\*\* সরাসরি অথবা প্রচলিত রপ্তানি হইলে রপ্তানি ঋণপত্র অথবা অভ্যন্তরীণ ব্যাক টু ব্যাক ঋণপত্র অথবা স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের ক্ষেত্রে কার্যাদেশের নম্বর ও তারিখ (ব্যাংকের নামসহ) ইত্যাদি তথ্য কলাম (২) এর তথ্যের সহিত উল্লেখ করিতে হইবে। এই কলামে পণ্যের/ সেবার পরিমাণ অংকে ও তার নীচে কথায় লিখিতে হইবে।

বিক্রেতার স্বাক্ষর

বিক্রয় ক্যাশ মেমো  
মূল্য সংযোজন কর চালান পত্র  
[ বিধি ১৬(১) দ্রষ্টব্য]

[পরিশিষ্ট-‘২’]

মূসক-১১ক

ক্রোতার নাম : প্রতিষ্ঠানের নাম :  
ক্রোতার ঠিকানা : ঠিকানা :  
ক্রমিক নং : করদাতা সনাক্তকরণ সংখ্যা :  
ক্যাশ মেমো প্রদানের তারিখ : ক্রমিক নং :  
ক্যাশ মেমো প্রদানের সময় : ক্যাশ মেমো প্রদানের সময় :

পণ্যের নাম ও বিবরণ	পণ্যের পরিমাণ	মোট মূল্য (মূল্য সংযোজন করসহ)

বিঃদ্রঃ পণ্যের মূল্যের মধ্যে মূল্য সংযোজন কর অন্তর্ভুক্ত আছে।

তারিখ:

বিক্রেতার স্বাক্ষর

ক্রমিক সংখ্যা T	তারিখ	মজুর উপকরণের প্রারম্ভিক জের		ক্রমকৃত উপকরণ										উপকরণের প্রারম্ভিক জের		মজুর		
		পরিমাণ	মূল্য	পরিমাণ	নিবরণ	নিবরণ	নিবন্ধন	নিবন্ধন	তারিখ	চালান পত্র/বি হা অব এট্রি নং	নিবন্ধন/সরবরাহকারী নাম	নিবন্ধন নং	পরিমাণ	মূল্য	পরিমাণ		মূল্য	
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)	(১৭)	(১৮)	(১৯)
<p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা ক্রয় হিসাব পুস্তক পণ্য/সেবার উপকরণ ক্রয়</p> <p>মূসক -১৬</p> <p>[পরিশিষ্ট-‘৩’]</p>																		
<p>বিশেষ দ্রষ্টব্য</p> <p>১। উপকরণ বলিতে, সকা ক্ষেত্রে, শ্ম, ছুম, ইয়ারত, অফিস যন্ত্রপাতি ও বাসবাহন ব্যতীতক্কে, সকা প্রকার কাঁচামাল, বেজেন গ্যাস, জ্বালানী হিসেবে ব্যবহৃত যেকোনো পদার্থ, মোড়ক সামগ্রী, সেবা এবং যন্ত্রপাতি ও যন্ত্রাংশকে বুঝাইবে।</p> <p>তবে, ব্যবসায়ীক ক্ষেত্রে, বিক্রম, বিক্রম বা প্রকারান্তরে উল্লিখ্যে আমদানিকৃত, ক্রমকৃত, অর্জিত বা অন্য কোনোভাবে সংগৃহীত পণ্যকে বুঝাইবে।</p>																		



এ পুস্তিকার কোন বক্তব্য বা পরিভাষা বিদ্যমান মূল্য সংযোজন কর আইন ও এর বিধিবিধানের সাথে অসঙ্গতিপূর্ণ বলে প্রতীয়মান হলে আইন ও বিধিবিধানের পরিভাষাই প্রাধিকার পাবে। এ বিষয়ে আরো কোন তথ্য জানার প্রয়োজন হলে সংশ্লিষ্ট মুসক স্থানীয় কার্যালয় (সার্কেল), বিভাগীয় দপ্তর, কমিশনারেটের সদর দপ্তর, নিকটস্থ মূল্য সংযোজন কর কার্যালয় বা জাতীয় রাজস্ব বোর্ডের মুসক অনুবিভাগের কোন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর অনুবিভাগ, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৩০৬৬২, ৮৩৬১৪৩২, ৯৩৫২৫৩০, ৯৩৫৮৭২৮, ৮৩২২৬৯৯ পিএবিএক্সঃ ৮৩১৮১২০-২৬ ফ্যাক্সঃ ৮৩১৬১৪৩
বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ৬ষ্ঠ তলা, দ্বিতীয় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৬২৯৬২, ৯৩৬২৯৬৩, ৯৩৬২৯৬৪, ৯৩৬২৯৬৫ ফ্যাক্সঃ ৯৩৬২৯৬০
শুল্ক, আবগারী এবং মুসক, ঢাকা (দক্ষিণ) কমিশনারেট, ১৬০/এ, আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), কাকরাইল, ঢাকা।	ফোনঃ ৮৩৫৫৯৬৪, ৯৩৩৭২৪৫, ৯৩৪০১২৪, ৯৩৫১৬৯৬ পিএবিএক্সঃ ৮৩১১৮১১-৪ ফ্যাক্সঃ ৮৩১৫৪৫৯
শুল্ক, আবগারী এবং মুসক, ঢাকা (উত্তর) কমিশনারেট, বাড়ী-০৬, সোনারগাঁও জনপথ রোড, সেক্টর-১১, উত্তরা, ঢাকা।	ফোনঃ ৮৯৬৩১১৫, ৮৯৬৩১১৬, ৮৯৬৩১১৮, ৮৯১১৬৪৯ ফ্যাক্সঃ ৮৯১৩৪৩৩
শুল্ক, আবগারী এবং মুসক, চট্টগ্রাম কমিশনারেট, সিজিও বিল্ডিং নং-১, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।	ফোনঃ ২৫২৪০৩৭, ৭২১৪৩২, ৭২৩১৩৩, ৭২৪০৮৬ ফ্যাক্সঃ ৭১৫৮০৮
শুল্ক, আবগারী এবং মুসক, রাজশাহী কমিশনারেট, বাড়ী নং-১৯৬, সেক্টর-০২, রাজশাহী হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী।	ফোনঃ ৮৬১১০১, ৮৬১১০৫, ৮৬১১০৩, ৮৬১১০৬ ফ্যাক্সঃ ৭৬১৭১৯
শুল্ক, আবগারী এবং মুসক, সিলেট কমিশনারেট, বাড়ী নং-১৯, রোড-১৪/২৪, ব্লক-ডি, শাহজালাল উপশহর, সিলেট।	ফোনঃ ২৮৩০৭৪১, ৮১০০৮৩, ৮১০০৮১ ফ্যাক্সঃ ২৮৩১৫৯৬
শুল্ক, আবগারী এবং মুসক, খুলনা কমিশনারেট, খালিশপুর, খুলনা।	ফোনঃ ৭৬১৭০৩, ৭৬২৪২৮, ৮৬১২১৬ ফ্যাক্সঃ ৭৬২৫৯৪
শুল্ক, আবগারী এবং মুসক, যশোর কমিশনারেট, ভোলা ট্যাংক রোড, যশোর।	ফোনঃ ৬৮৪৩৪, ৬৮৪৩৫ ফ্যাক্সঃ ৬৩৪০৫।